নম্বর

৯। মা-বাবার মৃত্যুর পর বাদল একা হয়ে যায়। গ্রামের মুদির দোকানে কাজ করে দু'বেলা খায়। হঠাৎ গ্রামে হানাদার বাহিনীর আক্রমণে সবাই পালাতে থাকে। কিন্তু রুখে দাঁড়ায় বাদল। নিজের প্রাণ দিয়ে হলেও গ্রামটাকে রক্ষা করবে সে। তার এমন মানসিকতার জন্য অনাথ ছেলেটিই এক সময় "যোদ্ধা বাদল" খেতাব পায়।

(ক) 'বুধাকে মানিক রতন' নাম দিয়েছিল কে? ১

(খ) গায়ের মানুষ ঘরবাড়ি ছেড়ে পালাতে থাকে কেন? ২

(গ) উদ্দীপকের 'বাদল' চরিত্রটি কোন দিক দিয়ে 'বুধা' চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) "উদ্দীপকের বাদলের চেয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার দায়িত্ব জ্ঞান অনেক বেশি"—বুঝিয়ে লেখ। ৪

## ঘ বিভাগ—নাটক

১০। পীরভক্ত আবেদ আলীর সংসারে অভাব অনটন লেগে থাকলেও সাধ্যমত নানা সামগ্রী দিয়ে পীরকে খুশি করে প্রতি বছর। এ বছর দেওয়ার মত কিছু না থাকায় সে তার মেয়ে জরিনাকে বৃদ্ধ পীরের খেদমতের জন্য বিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়। তার মেয়ে বিয়ের ব্যাপারে তীব্র প্রতিবাদ জানায়। আবেদ আলীর স্ত্রীরও ব্যাপারটি পছন্দ নয়। শেষ পর্যন্ত আবেদ আলী সিদ্ধান্ত পরিবর্তন করে নেয়।

(ক) বহিপীর কোন ভাষায় কথা বলেন? ১

(খ) খোদেজা তাহেরাকে পীরের হাতে তুলে দিতে চায় কেন? ২

(গ) উদ্দীপকের আবেদ আলী ও বহিপীর নাটকের খোদেজা চরিত্রটির সাদৃশ্যপূর্ণ দিক ব্যাখ্যা কর। ৩

(ঘ) তাহেরা ও জরিনা উভয়ই নারীর ব্যক্তি স্বাধীনতার প্রতীক—মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১। বাড়ি থেকে পালিয়ে এসে তৃষা ঢাকার একটি বাসায় কাজ করে। মেয়েটি গৃহকর্তার স্ত্রীকে জানায় যে, তার বাবা যার সাথে বিয়ে ঠিক করেছে, সে একজন মাদকসেবী। তৃষা কিছুতেই এ ধরনের লোককে বিয়ে করতে চায় না। মেয়েটির এমন সিদ্ধান্তের পরেও তার বাবা ঐ ছেলেকে বিয়ের জন্য চাপ দিলে গৃহকর্তার স্ত্রী তার পাশে এসে দাঁড়ায় এবং সহযোগিতার হাত বাড়িয়ে দেয়।

(ক) হাতেম আলীর জমিদারি কোথায়? ১

(খ) 'শূন্যতার মাঝে শূন্যতাই সম্ভব'—ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে উল্লিখিত 'তৃষার' মানসিকতা 'বহিপীর' নাটকের যে চরিত্রের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে তার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে বর্ণিত "গৃহকর্তার স্ত্রীর ভূমিকা 'বহিপীর' নাটকের বিদ্যমান দ্বন্দ্বের মীমাংসা করেছিল"—মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪





# ০১ সেট

## বাংলা (সৃজনশীল)

## প্রথম পত্র

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

বিষয় কোড : | 1 | 0 | 1 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। 'ক' বিভাগ (গদ্য) হতে কমপক্ষে **দু'টি**, 'খ' বিভাগ (কবিতা) হতে কমপক্ষে **দু'টি**, 'গ' বিভাগ (উপন্যাস) হতে কমপক্ষে **একটি** এবং 'ঘ' বিভাগ (নাটক) হতে কমপক্ষে **একটিসহ** মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক বিভাগ—গদ্য

নম্বর

১। এগারো বছরের কিশোর মিদুল প্রায়ই রাস্তার পাশে একাকী বসে থাকে। সব ছেলে-মেয়েরা খেলাধুলা করলেও তাকে কখনও নেয়না। ছেলেটি ধান কাটতে পারে, নাও বাইতে পারে, অসাধারণ ছবি আঁকতে পারে। শুধু মুখদিয়ে লালা ঝরে ও বাঁকিয়ে হাঁটে বলে সবাই তাকে এড়িয়ে থাকতে চায়। কিন্তু একজন সমাজকর্মী আদিলা তার পিতা-মাতা ও সমবয়সীদের বুঝান যে, "মিদুল সমাজের বোঝা নয়। তারও আছে বাঁচার অধিকার।"

(ক) প্রতাপের প্রধান শখ কী? ১

(খ) সুভা অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত কেন? বুঝিয়ে লেখ। ২

(গ) উদ্দীপকে উল্লিখিত মিদুলের মাঝে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্যগত দিক ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে বর্ণিত "সমাজকর্মীর চেতনা ও 'সুভা' গল্পের গল্পকারের চেতনা-অভিন্ন" —মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২। আক্কাস আলী একজন দরিদ্র কৃষক। ধানের চারা লাগাতে লাগাতে সে গুনগুনিয়ে বলে, "ধানগাছ পা-ছাড়া দাঁড়িয়ে, বহু হাত বাড়িয়ে, চারিদিকে ছড়িয়ে, কেশসব উড়িয়ে—উঁকি মারে আকাশে।" একথা শুনে তার মনিব বলে আক্কাস, অনেক ভালো লাগলো, হৃদয়ের আবেগ, মনের ভাব প্রকাশের শৈল্পিক উপস্থাপন অনেক সুন্দর শোনাচ্ছিল। কিন্তু এখন অনেকের লেখায় কোনো আগা-মাথা পাওয়া যায় না। ধাম করে আরম্ভ করে, ব্যস্ততার কারণে যেন শেষ করা হয় না। সহজ সরল প্রকাশ ভঙ্গিতে জীবনে আংশিক ঘটনা তুলে ধরে।

(ক) বাংলা নাট্য সাহিত্যের যুগস্রষ্টা লেখক কে? ১

(খ) পাঠকসমাজে উপন্যাসই সর্বাধিক পঠিত ও জনপ্রিয়তার শীর্ষে—বুঝিয়ে লেখ। ২

(গ) উদ্দীপকের আক্কাস আলীর গুনগুনিয়ে বলার মধ্যে সাহিত্যের যে শাখার ইঙ্গিত পাওয়া যায় তা 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকের মনিব সাহিত্যের কনিষ্ঠতম শাখাকে বুঝতে গিয়ে ব্যর্থ হয়েছে। মন্তব্যটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

+974 55258711 www.mrc-papers.com +88 013 02 200 200

নম্বর

৩। ধানসাগর গ্রামের মেয়ে মনিকার এস.এস.সি পাস করার পর বিয়ে হয়। কিছুদিন পর যৌতুক দিতে না পারায় স্বামীর সাথে তার ছাড়াছাড়ি হয়ে যায়। জীবনের প্রতি বিরক্ত হয়ে অভিমান করে মনিকা ঢাকায় গিয়ে একটি বাসায় কাজ নেয়। কিন্তু সেখানে গৃহকর্তার এক নেশাগ্রস্ত ছেলের কুদৃষ্টি থেকে বাঁচতে কাজ ছেড়ে পালিয়ে নারায়ণগঞ্জের একটি গার্মেন্টসের কাজে যোগ দেয়। অল্প দিনের মধ্যেই তার কর্মদক্ষতা ও আচার-ব্যবহারে মালিকের মন জয় করে। সহকর্মীরাও মনিকার ব্যবহারে মুগ্ধ হয়। সবার কাছে তার প্রশংসা শুনে মালিক মনিকার বেতন বাড়িয়ে দেয়।

(ক) মমতাদির কপালের ক্ষত চিহ্নটি কেমন? ১
(খ) মমতাদিকে "ছায়াময়ী মানবী" বলা হয়েছে কেন? ২
(গ) উদ্দীপকের মনিকার ঢাকার জীবন বাস্তবতার সাথে 'মমতাদি' গল্পের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকের নারায়ণগঞ্জের মনিকা যেন 'মমতাদি' গল্পের মমতারই প্রতিচ্ছবি"— বিশ্লেষণ কর। ৪

৪। তিয়াশা স্কুলের পড়া শেষ করে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে গল্প, উপন্যাস, প্রবন্ধ ও বিজ্ঞান বিষয়ক বিভিন্ন কল্প-কাহিনী পড়ে। স্কুলের সহ-শিক্ষা কার্যক্রমে তার রয়েছে সরব উপস্থিতি। তার গৃহশিক্ষক এ বিষয় নিয়ে প্রায়ই বকাবকি করেন। তিনি তিয়াশাকে বলেন, "গল্প পড়ে সময় নষ্ট করে কোনো লাভ নেই। তোমার পরীক্ষায় কি এসব পড়বে? আমার দেয়া উত্তরপত্রগুলো পড়ো। নিশ্চিত এ-প্লাস পাবে।"

(ক) কোন দান গ্রহণসাপেক্ষ? ১
(খ) "ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়"—ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে বর্ণিত শিক্ষকের মধ্যে 'বইপড়া' প্রবন্ধের প্রতিফলিত দিক ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকে বর্ণিত তিয়াশার চেতনা 'বইপড়া' প্রবন্ধের প্রত্যাশিত জগতের জন্য উপযুক্ত করে তুলবে।"—মন্তব্যটির বিচার কর। ৪

## খ বিভাগ—কবিতা

৫। *(i)* সে যেন আমার পাশে আজো বসে আছে
চলে গেছে দিন তবু আলো রয়ে গেছে।

*(ii)* ভেঙ্গে যাওয়া পাখির বাসার মতো মন
কিছু নেই তার বুকে আজ তো এখন
ডানা মেলে ফিরে কেনো আশা তারই কাছে।

(ক) 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের অন্ত্যমিল কী? ১
(খ) 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি কীভাবে কান জুড়িয়েছেন? বুঝিয়ে লেখ। ২
(গ) উদ্দীপক *(i)* এ প্রতিফলিত দিক 'কপোতাক্ষ নদ' কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপক *(ii)* এ 'কপোতাক্ষ নদ' কবিতার প্রধান ভাব ধারণ করেছে"—কথাটির সত্যতা বিচার কর। ৪



নম্বর

৬। ২০২৪ সালের আগস্ট-সেপ্টেম্বর মাসে ফেনী ও নোয়াখালী জেলায় স্মরণকালের সবচেয়ে ভয়াবহ বন্যা হয়। অনেক সম্পদ ও জীবন হারিয়ে ঐ এলাকার মানুষ দিশেহারা হয়ে পড়ে। এই পরিস্থিতিতে সরকারের পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বন্যার্তদের সহায়তায় এগিয়ে আসে। তারা ক্যাম্পাসে সাধারণ মানুষের প্রদেয় নানা প্রয়োজনীয় ত্রাণ সহায়তা সংগ্রহ করে। রোদ-বৃষ্টি-পানি-কাদা উপেক্ষা করে জীবনের ঝুঁকি নিয়ে প্রত্যন্ত অঞ্চলের আশ্রয়ণ কেন্দ্রে গিয়ে শিক্ষার্থীরা প্রত্যেক অসহায় মানুষের কাছে ত্রাণ সামগ্রী পৌঁছে দেয়।

(ক) 'ভুখারী' শব্দের অর্থ কী? ১
(খ) 'অভেদ ধর্মজাতি' বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের শিক্ষার্থীরা 'মানুষ' কবিতায় বর্ণিত যে চরিত্রের বিপরীত সত্তা তা ব্যাখ্যা কর। ৩
(ঘ) 'মানুষ' কবিতায় বর্ণিত ভণ্ডদের মানসিকতা পরিবর্তনে উদ্দীপকের শিক্ষার্থীদের মতো মানুষের প্রয়োজনীয়তা অপরিসীম—যুক্তিসহ মতামত দাও। ৪

৭। সাকি ফুডপাণ্ডায় চাকরি করে। গ্রাহকের খাবার অর্ডার পেলেই দ্রুততার সাথে পুরান বাইসাইকেল চালিয়ে গ্রাহকের দ্বারে পৌঁছে যায়। বিচিত্র খাবার, বিচিত্র স্বাদের বাহারে তার থলে ভর্তি থাকে। কোনো গ্রাহক তাকে কখনও সে খাবার খেতে বলে না। মাঝে মধ্যে তার ইচ্ছে হয় নিজের কিশোর সন্তানের জন্য, স্ত্রীর জন্য খাবার নিয়ে গিয়ে একসাথে খাবে। কিন্তু সে যে টাকা বেতন পায় তাতে সে খাবারের স্বাদ তার নেয়া হয় না। একদিন তার কিশোর সন্তান বলে, "আব্বু তুমি মালিকের কাছে বেশি বেতন চাও। বলবে—আমাদের খেতে ইচ্ছে করে না?"

(ক) রানারের দুঃখের কথা কে জানে? ১
(খ) 'বোঝাই জাহাজ' বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের সাকির মধ্যে 'রানার' কবিতার প্রতিফলিত দিক ব্যাখ্যা কর। ৩
(ঘ) "উদ্দীপকে বর্ণিত সাকির সন্তানের বক্তব্যে রানার কবিতার কবির প্রত্যাশা ধ্বনিত হয়েছে"—যৌক্তিক মতামত দাও। ৪

## গ বিভাগ—উপন্যাস

৮। সাত বছর বয়সে রিয়াদের বাবা মারা যায়। তার তিন বছর পরে মায়ের মৃত্যু হয়। এখন রিয়াদের বয়স তেরো। কিন্তু সাহসে-কর্মে তার মতো গ্রামে আর কেউ নেই। গ্রামে ডাকাতেরা হামলা করলে সবার আগেই তার লাঠি ওঠে। ভয়ে যারা পালাতে চায় তাদের সে ভীতু বলে। এক সময় এই রিয়াদ, মারুফ, মাহাদি ও ফাহিমের সাথে এক হয়ে গ্রামের শত্রুদের বিরুদ্ধে প্রতিশোধ নেয়। পরবর্তীতে নির্যাতন সহ্য করে শত্রু তাড়ানোর দৃঢ় প্রতিজ্ঞা তাকে সবার কাছে প্রিয় হতে সাহায্য করেছিল।

(ক) রেকি করার কাজটা কাকে করতে হবে? ১
(খ) 'যুদ্ধ ছাড়াও মরণ থাকে' কীভাবে? বুঝিয়ে লেখ। ২
(গ) উদ্দীপকে বর্ণিত মারুফ, মাহাদি ও ফাহিমদের অবদান 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত রিয়াদ 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার যথাযোগ্য প্রতিনিধি কি? মতামত দাও। ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

MENTOR IN REARRANGED & CLASSIFIED mrc MUHAMMAD RASHED CHOWDHURY
+974 55258711 www.mrc-papers.com +88 013 02 200 200